কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২০.১৯১

তারিখ : ১৩ কার্তিক ১৪২৭
২৯ অক্টোবর ২০২০

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২০-২১ অর্থবছরের রবি মৌসুমে বিএডিসি'র ইনব্রিড উফশী বোরো ধান আবাদ বৃদ্ধির জন্য বীজ সহায়তা প্রদানের লক্ষ্যে ৫৯৫৬.৬৯৪৮০ লক্ষ (উনষাট কোটি ছাপ্পান্ন লক্ষ উনসত্তর হাজার চারশত আশি) টাকা ছাড় ও অগ্রিম উত্তোলনে সম্মতি প্রদান।

মহোদয়,

২০২০-২১ অর্থবছরে রবি মৌসুমে বিএডিসি'র ইনব্রিড উফশী বোরো ধান আবাদ বৃদ্ধির লক্ষ্যে রবি মৌসুমে বোরো ধান আবাদে কৃষকদের মাঝে উৎসাহ ও আর্থিক সাশ্রয়ের লক্ষ্যে বীজের দাম কেজি প্রতি ১০/- হ্রাস করার প্রয়াসে বীজ বাবদ সহায়তার নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের 'কৃষি পুনর্বাসন সহায়তা (কোড নং ১২০০০৬৫০৫)' খাতে মোট বরাদ্দকৃত ৩০০০০.০০ লক্ষ (তিনশত কোটি ) টাকা হতে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী ব্যয় করার জন্য ৫৯৫৬.৬৯৪৮০ লক্ষ (উনষাট কোটি ছাপ্পান্ন লক্ষ উনসত্তর হাজার চারশত আশি) টাকা চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর অনুকূলে এতদ্বারা অগ্রিম উত্তোলন ও ছাড় মঞ্জুরি জ্ঞাপন করছি। চেয়ারম্যান, বিএডিসি এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে ছাড়কৃত অর্থ উত্তোলন করতে পারবেন এবং এ অর্থ ব্যয়ে এতদসঙ্গে যুক্ত কৃষকের মাঝে বীজ সহায়তা প্রদান পদ্ধতি প্রচলিত যাবতীয় আর্থিক বিধিবিধান এবং ৪ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এক নজরে বীজ সহায়তা কার্যক্রম:

কম মূল্যে বীজ বিক্রয়ের উদ্দেশ্য:

(ক) বোরো ফসল আবাদে কৃষকদের উৎসাহিতকরণে আর্থিক সাশ্রয় করা, আবাদের এলাকা বৃদ্ধিকরণ, হেক্টরপ্রতি ফলন বৃদ্ধিসহ সার্বিক উৎপাদন বৃদ্ধিকরণ।
(খ) ধানের উৎপাদন ধারা অব্যাহত রাখা।
(গ) কৃষকদের আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারে অভ্যস্ত করে গড়ে তোলা।
(ঘ) কৃষকের কাছে কম মূল্যে বোরো বীজ পৌঁছে দেয়া এবং নতুন নতুন জাতের দ্রুত সম্প্রসারণ ঘটানো।
(ঙ) হাইব্রিড ও উচ্চ ফলনশীল জাতের বোরো ধান আবাদ বৃদ্ধির মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি করা।

বীজ সহায়তা কার্যক্রমের যৌক্তিকতা:

(ক) রবি মৌসুমে আমাদের দেশে মৌসুমী বৃষ্টি হয় না। বোরো ধান উৎপাদন সম্পূর্ণ সেচ নির্ভর। ফলে বোরো ধানের উৎপাদন খরচ অনেক বেশি। কম মূল্যে বীজ প্রদান করা হলে কৃষক সেচের খরচ কিছুটা পুষিয়ে নিতে পারবে।
(খ) করোনাকালীন সময়ে কমমূল্যে বীজ দেয়া হলে হাইব্রিড ও উফশী জাতের বোরো ধানের উৎপাদন খরচ কম হবে বিধায় কৃষকের অর্থসংকট কিছুটা লাঘব হবে।
(গ) বীজের মূল্য কমানোর ফলে হাইব্রিড ও উচ্চ ফলনশীল বোরো জাত অধিক জনপ্রিয় হবে ফলে ধানের উৎপাদন বৃদ্ধি পাবে।

চলমান পাতা/২

০৩। বোরো ধান বীজ সহায়তা কার্যক্রমের জন্য ছাড়কৃত ৫৯৫৬.৬৯৪৮০ লক্ষ (উনষাট কোটি ছাপ্পান্ন লক্ষ উনসত্তর হাজার চারশত আশি) টাকার বিভাজন:

২০২০-২১ বিতরণ বর্ষের জন্য বিএডিসির নিকট ইনব্রিড বোরো ধানবীজ মজুদের পরিমাণ (মে.টন) এবং প্রতি কেজি ১০ টাকা কম হিসাবে মোট টাকার পরিমাণ

| ক্রমিক নং | ২০২০-২১ বিতরণ বর্ষের জন্য বোরো ধানবীজ মজুদের পরিমাণ (মে.টন) | | | | চাষিপর্যায়ে বিএডিসির নির্ধারিতদর (টাকা/কেজি) | | নির্ধারিতদর অনুযায়ী মোট মূল্য | | | ইনব্রিড বীজে প্রতি কেজি ১০ টাকা কম হিসাবে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বীজের জাত | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত | মোট (মে.টন) | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত | ভিত্তি | প্রত্যায়িত/ মানঘোষিত | মোট টাকা | মোট টাকা |
| ১ | বিআর৩ | ২৯.০৫০ | ০.০০০ | ২৯.০৫০ | ৫৪.০০ | ৪৮.০০ | ১৫৬৮৭০০.০০ | ০.০০ | ১৫৬৮৭০০.০০ | ২৯০৫০০.০০ |
| ২ | বিআর১৪ | ১২.০০০ | ২৯৯.৭০৭ | ৩১১.৭০৭ | ৫৪.০০ | ৪৮.০০ | ৬৪৮০০০.০০ | ১৪৩৮৫৯৩৬.০০ | ১৫০৩৩৯৩৬.০০ | ৩১১৭০৭০.০০ |
| ৩ | বিআর১৬ | ২০.০০০ | ২৭৪.২৮৬ | ২৯৪.২৮৬ | ৫৪.০০ | ৪৮.০০ | ১০৮০০০০.০০ | ১৩১৬৫৭২৮.০০ | ১৪২৪৫৭২৮.০০ | ২৯৪২৮৬০.০০ |
| ৪ | বিআর২৬ | ১১৮.০০৫ | ৩৩১.৬৯৪ | ৪৪৯.৬৯৯ | ৫৪.০০ | ৪৮.০০ | ৬৩৭২২৭০.০০ | ১৫৯২১৩১২.০০ | ২২২৯৩৫৮২.০০ | ৪৪৯৬৯৯০.০০ |
| ৫ | ব্রি ধান২৮ | ১১১৯.৮৭৪ | ২৩০১২.৪১৬ | ২৪১৩২.২৯০ | ৫৫.০০ | ৪৯.০০ | ৬১৫৯৩০৭০.০০ | ১১২৭৬০৮৩৮৪.০০ | ১১৮৯২০১৪৫৪.০০ | ২৪১৩২২৯০০.০০ |
| ৬ | ব্রি ধান২৯ | ১০৬২.৯০০ | ২৫৫৪৫.১৬৮ | ২৬৬০৮.০৬৮ | ৫৪.০০ | ৪৮.০০ | ৫৭৩৯৬৬০০.০০ | ১২২৬১৬৮০৬৪.০০ | ১২৮৩৫৬৪৬৬৪.০০ | ২৬৬০৮০৬৮০.০০ |
| ৭ | ব্রি ধান৪৭ | ৭৯.৩২৫ | ৩৬.৭০০ | ১১৬.০২৫ | ৫৪.০০ | ৪৮.০০ | ৪২৮৩৫৫০.০০ | ১৭৬১৬০০.০০ | ৬০৪৫১৫০.০০ | ১১৬০২৫০.০০ |
| ৮ | ব্রি ধান৫০ | ৫৩.৪৬৮ | ৭০৬.১৭৪ | ৭৫৯.৬৪২ | ৬৪.০০ | ৫৮.০০ | ৩৪২১৯৫২.০০ | ৪০৯৫৮০৯২.০০ | ৪৪৩৮০০৪৪.০০ | ৭৫৯৬৪২০.০০ |
| ৯ | ব্রি ধান৫৫ | ৮.৭৪৫ | ১১৬.৪৫০ | ১২৫.১৯৫ | ৫৫.০০ | ৪৯.০০ | ৪৮০৯৭৫.০০ | ৫৭০৬০৫০.০০ | ৬১৮৭০২৫.০০ | ১২৫১৯৫০.০০ |
| ১০ | ব্রি ধান৫৮ | ৯০৬.৫৫৬ | ২৪৯৭.৬৩৮ | ৩৪০৪.১৯৪ | ৫৪.০০ | ৪৮.০০ | ৪৮৯৫৪০২৪.০০ | ১১৯৮৮৬২৪.০০ | ১৬৮৮৪০৬৪৮.০০ | ৩৪০৪১৯৪০.০০ |
| ১১ | ব্রি ধান৫৯ | ৩.৩১৫ | ৫.৮৮৫ | ৯.২০০ | ৫৪.০০ | ৪৮.০০ | ১৭৯০১০.০০ | ২৮২৪৮০.০০ | ৪৬১৪৯০.০০ | ৯২০০০.০০ |
| ১২ | ব্রি ধান৬৩ | ২৬.০০০ | ২৪১.০০০ | ২৬৭.০০০ | ৫৫.০০ | ৪৯.০০ | ১৪৩০০০০.০০ | ১১৮০৯০০০.০০ | ১৩২৩৯০০০.০০ | ২৬৭০০০০.০০ |
| ১৩ | ব্রি ধান৬৭ | ২৪২.০০৮ | ৩২৫.০০০ | ৫৬৭.০০৮ | ৫৫.০০ | ৪৯.০০ | ১৩৩১০৪৪০.০০ | ১৫৯২৫০০০.০০ | ২৯২৩৫৪৪০.০০ | ৫৬৭০০৮০.০০ |
| ১৪ | ব্রি ধান৬৯ | | ৫৮.৭৩৫ | ৫৮.৭৩৫ | ৫৪.০০ | ৪৮.০০ | ০.০০ | ২৮১৯২৮০.০০ | ২৮১৯২৮০.০০ | ৫৮৭৩৫০.০০ |
| ১৫ | ব্রি ধান৭৪ | ৯৯.১৫০ | ৮০৮.৯৫২ | ৯০৮.১০২ | ৫৪.০০ | ৪৮.০০ | ৫৩৫৪১০০.০০ | ৩৮৮২৯৬৯৬.০০ | ৪৪১৮৩৭৯৬.০০ | ৯০৮১০২০.০০ |
| ১৬ | ব্রি ধান৮১ | | ৫০৫.৯৯৩ | ৫০৫.৯৯৩ | ৫৫.০০ | ৪৯.০০ | ০.০০ | ২৪৭৯৩৬৫৭.০০ | ২৪৭৯৩৬৫৭.০০ | ৫০৫৯৯৩০.০০ |
| ১৭ | ব্রি ধান৮৪ | ১৫২.৮৬০ | ৮২.৭৭৩ | ২৩৫.৬৩৩ | ৫৫.০০ | ৪৯.০০ | ৮৪০৭৩০০.০০ | ৪০৫৫৮৭৭.০০ | ১২৪৬৩১৭৭.০০ | ২৩৫৬৩৩০.০০ |
| ১৮ | ব্রি ধান৮৬ | | ৮৩.৪৯৩ | ৮৩.৪৯৩ | ৫৫.০০ | ৪৯.০০ | ০.০০ | ৪০৯১১৫৭.০০ | ৪০৯১১৫৭.০০ | ৮৩৪৯৩০.০০ |
| ১৯ | ব্রি ধান৮৮ | ৩০.৫৭০ | ০.০০০ | ৩০.৫৭০ | ৫৫.০০ | ৪৯.০০ | ১৬৮১৩৫০.০০ | ০.০০ | ১৬৮১৩৫০.০০ | ৩০৫৭০০.০০ |
| ২০ | ব্রি ধান৮৯ | ১৬১.৬৬৩ | ০.০০০ | ১৬১.৬৬৩ | ৫৫.০০ | ৪৯.০০ | ৮৮৯১৪৬৫.০০ | ০.০০ | ৮৮৯১৪৬৫.০০ | ১৬১৬৬৩০.০০ |
| ২১ | ব্রি ধান৯২ | | ১৩.২৫৭ | ১৩.২৫৭ | ৫৫.০০ | ৪৯.০০ | ০.০০ | ৬৪৯৫৯৩.০০ | ৬৪৯৫৯৩.০০ | ১৩২৫৭০.০০ |
| ২২ | বিনা৫ | ৪.৩৩০ | ০.০০০ | ৪.৩৩০ | ৫৪.০০ | ৪৮.০০ | ২৩৩৮২০.০০ | ০.০০ | ২৩৩৮২০.০০ | ৪৩৩০০.০০ |
| ২৩ | বিনা৮ | ২৫.২০০ | ১৫.০০০ | ৪০.২০০ | ৫৪.০০ | ৪৮.০০ | ১৩৬০৮০০.০০ | ৭২০০০০.০০ | ২০৮০৮০০.০০ | ৪০২০০০.০০ |
| ২৪ | বিনা১০ | ১০৪.৮৩৫ | ২৮.৭৫০ | ১৩৩.৫৮৫ | ৫৪.০০ | ৪৮.০০ | ৫৬৬১০৯০.০০ | ১৩৮০০০০.০০ | ৭০৪১০৯০.০০ | ১৩৩৫৮৫০.০০ |
| ২৫ | বিনা১৪ | ৯.০৮৫ | ০.০০০ | ৯.০৮৫ | ৫৪.০০ | ৪৮.০০ | ৪৯০৫৯০.০০ | ০.০০ | ৪৯০৫৯০.০০ | ৯০৮৫০.০০ |
| ২৬ | বিনা১৮ | ৮.৯৭০ | ০.০০০ | ৮.৯৭০ | ৫৪.০০ | ৪৮.০০ | ৪৮৪৩৮০.০০ | ০.০০ | ৪৮৪৩৮০.০০ | ৮৯৭০০.০০ |
| ২৭ | বাংলা জিরা | | ২৫০.০০০ | ২৫০.০০০ | | ৫৩.০০ | ০.০০ | ১৩২৫০০০০.০০ | ১৩২৫০০০০.০০ | ২৫০০০০০.০০ |
| ২৮ | বিউ ধান-৩ | | ১.০০০ | ১.০০০ | ৫৪.০০ | ৪৮.০০ | ০.০০ | ৪৮০০০.০০ | ৪৮০০০.০০ | ১০০০০.০০ |
| ২৯ | নেরিকা | | ৪৮.৯৬৮ | ৪৮.৯৬৮ | | ৪৮.০০ | ০.০০ | ২৩৫০৪৬৪.০০ | ২৩৫০৪৬৪.০০ | ৪৮৯৬৮০.০০ |
| উফশী মোট | | ৪২৭৭.৯০৯ | ৫৫২৮৯.০৩৯ | ৫৯৫৬৬.৯৪৮ | | | ২৩৩২৮৩৪৮৬.০০০ | ২৬৮৬৫৬৫৯৯৪.০০০ | ২৯১৯৮৯৪৪৮০.০০০ | ৫৯৫৬৬৯৪৮০.০০০ |

চলমান পাতা/৩

০৪। <u>শর্তাবলী:</u>

১. বোরো ধান বীজে সহায়তা ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বোরো ধানের জাত ভিত্তিক বিক্রয় মূল্য ঘোষণা করবে এবং উপজেলাওয়ারী বরাদ্দ বিভাজন করবে।

২. চেয়ারম্যান, বিএডিসি এতদসংগে যুক্ত বোরো বীজে সহায়তা প্রদান বাস্তবায়ন পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করবে।

৩. বিএডিসির বীজ ডিলার সহায়তা মূল্যে বোরো ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চুড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ বরাবরে জমা প্রদান করবেন।

৪. বিএডিসির জেলা কার্যালয় নিয়মিতভাবে সহায়তা মূল্যে প্রদানকৃত বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়কে প্রদান করবেন।

৫. জুন/২০২১ সালের মধ্যে সমুদয় বোরো ধান বীজ সহায়তা মূল্যে বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।

৬. বীজ সহায়তা বিক্রিতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. বীজ সহায়তা মূল্যে বিক্রিত বীজের চুড়ান্ত প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন।

৮. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA'2006 ও PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

৯. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহারের বিষয়টি বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করতে হবে।

১০. ছাড়কৃত অর্থ হতে চলতি ২০২০-২১ অর্থবছরের অবশিষ্ট সময়ে প্রকৃত পক্ষে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক সে পরিমাণ অর্থ ব্যয়ের পর অবশিষ্ট অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে।

১১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে বিএডিসি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১২. ছাড়কৃত অর্থ ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট কোডে সমন্বয় করতে হবে অথবা সংযুক্ত বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী যথাসময়ে সমন্বয় করবেন এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয় বরাবর অনুলিপি প্রেরণ করতে হবে।

১৩. এসংক্রান্ত যাবতীয় অডিট বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যালয়ে নিষ্পন্ন হবে। সহায়তা প্রদানের চূড়ান্ত বিবরণী কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

চলমান পাতা/৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২০.১৯১

তারিখ : ১৩ কার্তিক ১৪২৭ / ২৯ অক্টোবর ২০২০

আদেশের ০৩ (তিন) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

নং

তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২০.১৯১

তারিখ : ১৩ কার্তিক ১৪২৭ / ২৯ অক্টোবর ২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৫. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব, সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা/৫

০৮. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ বান্দরবান/রাঙ্গামাটি/ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৯. জেলা প্রশাসক, (৩টি পার্বত্য জেলা ব্যতীত ৬১টি জেলা)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২.. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪টি জেলা)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৬৪ টি জেলা)।
১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. যুগ্মসচিব (উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

২০২০-২১ অর্থবছরে রবি মৌসুমে বিএডিসি'র ইনব্রিড উফশী বোরো ধান আবাদ বৃদ্ধির লক্ষ্যে রবি মৌসুমে বোরো ধান আবাদে কৃষকদের মাঝে উৎসাহ ও আর্থিক সাশ্রয়ের লক্ষ্যে বীজের দাম কেজি প্রতি ১০/- হ্রাস করার প্রয়াসে বীজ বাবদ সহায়তার নিমিত্ত কৃষকের মাঝে বীজ সহায়তা প্রদানের পদ্ধতি:

১। বোরো ধানবীজে বীজ সহায়তা ঘোষণার পূর্বেই বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বোরো ধানের জাতভিত্তিক বিক্রয়দর ঘোষণা করবে এবং উপজেলাওয়ারি বরাদ্দ বিভাজন করবে।

২। উপজেলাওয়ারি বরাদ্দ মোতাবেক বীজ ডিলারগণ নির্দিষ্ট সময়ের মধ্যে বিএডিসি থেকে কম মূল্যে বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট বীজের জাত ও পরিমাণ উল্লেখ করে ২৪ ঘন্টার মধ্যে অ্যারাইভাল রিপোর্ট প্রদান করবে।

৩। বিএডিসির জেলা ও উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র নির্দিষ্ট পরিমাণ বীজ, বীজ সহায়তা কার্যক্রমের আওতায় নির্ধারিত মূল্যে বিক্রয় করবে।

৪। উপজেলা কৃষি অফিসার সংশ্লিষ্ট উপজেলার কৃষকদের একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট বীজ ডিলার, বিএডিসি কর্তৃপক্ষ এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।

৫। ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রয় করবেন।

৬। ডিলারগণ বীজ সহায়তা প্রদানের জন্য নির্ধারিত মূল্যে বোরো ধানের বীজ ক্রয়কারী কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও এনআইডি (যদি থাকে) বীজ বিক্রয় রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন।

৭। জমির মালিকানা (বর্গা/লীজসহ) বিবেচনাপূর্বক কৃষকের নিকট বীজ বিক্রয় করতে হবে। এক্ষেত্রে একজন কৃষকের নিকট সর্বোচ্চ ১০০ কেজি বীজ বিক্রয় করা যাবে। তবে তালিকাভূক্ত কৃষকদের নিকট বীজ বিক্রয়ের পর অবশিষ্ট থাকলে তা তালিকা বহির্ভূত প্রকৃত কৃষকদের নিকট বিক্রয় করা যাবে।

৮। বীজ ডিলারের বিক্রয়কেন্দ্র সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্যগণ এবং বিএডিসি কর্তৃপক্ষ তদারকি করবেন।

৯। বীজ ডিলারগণ বীজ সহায়তা বাবদ নির্ধারিত মূল্যে বোরো ধানের বীজ ক্রয়কারী কৃষকদের তালিকা সংরক্ষণ করবেন এবং চূড়ান্ত একটি তালিকা উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট বিএডিসি কর্তৃপক্ষ বরাবর জমা প্রদান করবেন।

১০। বিএডিসির জেলা কার্যালয় নিয়মিতভাবে বীজ সহায়তা প্রদানের জন্য নির্ধারিত মূল্যে বীজ বিক্রয় অগ্রগতির প্রতিবেদন বিএডিসি'র প্রধান কার্যালয়, উপজেলা কৃষি অফিস এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যালয়কে প্রদান করবেন।

১১। জুন/২০২১ সালের মধ্যে বীজ সহায়তা প্রদানের জন্য নির্ধারিত মূল্যে বোরো ধান বীজ বিক্রয় কার্যক্রম নিশ্চিত করতে হবে।

১২। বীজ সহায়তা প্রদান কার্যক্রমে কোন অনিয়ম পরিলক্ষিত হলে জেলা/উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। চেয়ারম্যান, বিএডিসি বীজ সহায়তা প্রদানের নির্ধারিত মুল্যে বিক্রিত বীজের চুড়ান্ত প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১৪। বীজ সহায়তা বাবদ সরকার কর্তৃক প্রদেয় অর্থ কৃষি মন্ত্রণালয় কর্তৃক বিএডিসি'র অনুকূলে ছাড় করা হবে। তবে বীজের কোন অংশ অবশিষ্ট/অবিক্রিত থাকলে অবশিষ্ট/অবিক্রিত বীজের উদ্বৃত্ত মূল্য বিএডিসি কর্তৃপক্ষ সরকারি কোষাগারে ফেরত প্রদান করবে।

১৫। কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সংশ্লিষ্ট অফিসে সংরক্ষিত থাকবে।

29/10/2020

(মো: মাহবুবুল ইসলাম)
অতিরিক্ত সচিব
সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ
কৃষি মন্ত্রণালয়